# চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম-৪৩৪৯


স্মারক নংঃ চুয়েট/একা-২/পার্ট-২৫/১০০ তারিখ: ২৬/০২/২০২৬ খ্রি.

## লেভেল-১ স্নাতক কোর্সে ভর্তি প্রক্রিয়া সংক্রান্ত বিজ্ঞপ্তি (শিক্ষাবর্ষ: ২০২৫-২৬) (২য় পর্যায়)

২০২৫-২৬ শিক্ষাবর্ষে চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট)-এর লেভেল-১ স্নাতক কোর্সের বিভিন্ন বিভাগে ভর্তির লক্ষ্যে ১৭/০১/২০২৬ খ্রি. তারিখ শনিবার অনুষ্ঠিত ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মেধা তালিকা হতে ২৫/০২/২০২৬ খ্রি. এবং ২৬/০২/২০২৬ খ্রি. তারিখে ১ম পর্যায়ে শিক্ষার্থী ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হয়। ভর্তিকৃত শিক্ষার্থীদের প্রাপ্ত বিভাগ ও বিভাগওয়ারী শূন্য আসনের সংখ্যা ভর্তি পরীক্ষার ওয়েবসাইট admissioncuet.ac.bd -এ প্রকাশ করা হয়েছে। ১ম পর্যায়ে ভর্তি কার্যক্রম শেষে আসন শূন্য থাকায় নিম্নবর্ণিত মেধাক্রমধারী প্রার্থীদের আগামী ১০/০৩/২০২৬ খ্রি. তারিখ মঙ্গলবার নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে নিরীক্ষা কমিটির নিকট উপস্থিত হওয়ার জন্য বলা হলো।

| প্রার্থীর ধরন | ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ | স্থাপত্য বিভাগ | তারিখ, সময়সূচি ও স্থান |
|---|---|---|---|
| মূল মেধা তালিকা | মেধাক্রম: ১২৫১-২৫০০ | মেধাক্রম: ৭৬-১২৫ | ১০/০৩/২০২৬ খ্রি. মঙ্গলবার সকাল ৯:৩০ থেকে বিকাল ৩:৩০ ঘটিকা পর্যন্ত<br>স্থান: কেন্দ্রীয় অডিটোরিয়াম |
| পার্বত্য চট্টগ্রাম ও অন্যান্য জেলার ক্ষুদ্র নৃ-গোষ্ঠী (উপজাতি) | মেধাক্রম: ১১-২০ | - | |
| রাখাইন সম্প্রদায় | মেধাক্রম: ০২ | - | |

**উপর্যুক্ত ছক অনুযায়ী মেধাক্রমের ভিত্তিতে নিরীক্ষা কমিটির নিকট উপস্থিত প্রার্থীদের আসন শূন্য থাকা সাপেক্ষে ভর্তি করা হবে। উপস্থিত প্রার্থীর সংখ্যা নির্ধারিত শূন্য আসনের অধিক হলে উপস্থিত প্রার্থীদের মধ্যে হতে মেধাক্রম অনুযায়ী একটি অপেক্ষমান তালিকা সংরক্ষণ করা হবে। পরবর্তীতে কোনো আসন শূন্য হলে উক্ত সংরক্ষিত তালিকা হতে মেধাক্রমের ভিত্তিতে প্রার্থীদের পর্যায়ক্রমে আহবান করা হবে।**

### প্রার্থীদের করণীয়

উপর্যুক্ত ছকে অন্তর্ভুক্ত মেধাক্রমধারী প্রার্থীদের ভর্তি কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে https://admissioncuet.ac.bd লিংকে প্রবেশ করে Login করতে হবে। পূর্বে পূরণকৃত "Online Choice Form" এবং Dashboard এ নির্দেশিত অন্যান্য সকল ফরম download পূর্বক পূরণ করে প্রিন্টেড কপি ভর্তির সময় নিয়ে আসতে হবে। উল্লেখ্য যে, কোনো প্রার্থী পূর্বে Online Choice Form পূরণ না করে থাকলে ভর্তির দিন তা পূরণের সুযোগ প্রদান করা হবে। নিরীক্ষা বোর্ড কর্তৃক শিক্ষার্থীদের সনদপত্র যাচাইপূর্বক জমাদানের পর স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করা হবে।

পরবর্তী দিন (১১/০৩/২০২৬খ্রি.) সকালে প্রাপ্ত বিভাগ দেখে ভর্তির জন্য নির্ধারিত ফি ১৮৫০০/- (আঠারো হাজার পাঁচশত টাকা মাত্র) সোনালী ব্যাংক, চুয়েট শাখায় বিকাল ৩:০০ ঘটিকার মধ্যে জমা দিতে হবে। তবে কোন প্রার্থী স্বাস্থ্য পরীক্ষা সম্পাদনের পর একই দিনে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নির্ধারিত ফি ব্যাংকে জমা দিতে পারবে।

### ভর্তির সময় প্রার্থীকে অবশ্যই নিম্নবর্ণিত সনদপত্রাদি নিরীক্ষা কমিটির নিকট দাখিল করতে হবে:

১. মাধ্যমিক বা সমমানের পরীক্ষার মূল সনদপত্র।
২. মাধ্যমিক বা সমমানের পরীক্ষার ট্রান্সক্রিপ্ট এর মূলকপি।
৩. উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের মূলকপি।
৪. উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার ট্রান্সক্রিপ্ট এর মূলকপি।
৫. শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার প্রশংসাপত্রের মূলকপি।
৬. সদ্য তোলা (অনধিক ০৩ মাস) ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি।
৭. হল প্রত্যবেক্ষকের স্বাক্ষর সম্বলিত ভর্তি পরীক্ষার প্রবেশপত্র।
৮. সংরক্ষিত আসনে ভর্তির জন্য রাখাইন সম্প্রদায় ও ক্ষুদ্র-নৃ-গোষ্ঠী (উপজাতি) প্রার্থীদের বাংলাদেশের স্থায়ী বাসিন্দা এবং উপজাতীয়তার প্রমাণ স্বরূপ (১) জেলা প্রশাসক/স্থানীয় পৌরসভা/জেলা পরিষদ/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এবং (২) উপজাতীয় মোড়লের নিকট থেকে মোট ০২ (দুই) টি মূল সার্টিফিকেট দাখিল করতে হবে। এছাড়া যে কলেজ থেকে পাস করেছে সে কলেজের অধ্যক্ষ কর্তৃক ইস্যুকৃত উপজাতীয়তার প্রমাণের সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে) প্রদান করতে হবে।

### স্বাস্থ্য পরীক্ষা:

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট) এর গঠিত চিকিৎসা বোর্ড ভর্তির জন্য বিবেচিত সকল প্রার্থীর স্বাস্থ্য পরীক্ষা করবেন। স্বাস্থ্য পরীক্ষায় যদি হৃদরোগ, দৃষ্টি কিংবা শ্রবণ শক্তির ত্রুটি অথবা কোন প্রকারের শারীরিক বা মানসিক অক্ষমতা ধরা পড়ে, যার ফলে বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন অথবা পেশাগত কার্যনির্বাহে প্রার্থীর পক্ষে অসুবিধা হতে পারে বলে ভর্তি কমিটির নিকট প্রতীয়মান হয় তাহলে তাকে ভর্তির অনুপযুক্ত

বলে গণ্য করা হবে। ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের প্রতিষ্ঠিত ডায়াগনষ্টিক সেন্টার থেকে "Blood Group Test" এর রিপোর্ট সঙ্গে নিয়ে আসতে হবে এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক গঠিত চিকিৎসা বোর্ডের নিকট জমা দিতে হবে। প্রয়োজনবোধে চিকিৎসা বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় মেডিকেল টেষ্ট রিপোর্ট যথাসময়ে দাখিল করতে হবে। মেডিকেল টেষ্টের দিন চশমা ব্যবহারকারী ছাত্র-ছাত্রীদের অবশ্যই চশমা সঙ্গে আনতে হবে।

**ভর্তি সম্পর্কিত অন্যান্য প্রয়োজনীয় তথ্যাবলী:**

- ভর্তি পরীক্ষার ওয়েবসাইট (https://admissioncuet.ac.bd) থেকে স্বাস্থ্য পরীক্ষার ফরমসহ অন্যান্য প্রয়োজনীয় ফরম ডাউনলোডপূর্বক প্রিন্ট করে নিয়ে আসতে হবে।
- প্রার্থী ভর্তির নির্ধারিত দিনে উপস্থিত না হলে ভর্তির জন্য যোগ্য বলে বিবেচিত হবে না।
- ভর্তিকৃত ছাত্র-ছাত্রী নিজে উপস্থিত থেকে ভর্তি বাতিল করতে পারবে। অভিভাবক বা অন্য কারো মাধ্যমে ভর্তি বাতিলের সুযোগ নেই।
- ভর্তিকৃত ছাত্র-ছাত্রীর প্রদত্ত কোন তথ্য পরবর্তীতে ভুল প্রমাণিত হলে ভর্তি এবং ছাত্রত্ব বাতিল হবে।
- ২য় পর্যায়ে ভর্তির পর ভর্তিকৃত প্রার্থীর প্রাপ্ত বিভাগ ও মোট শূন্য আসন সংখ্যা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং তদানুযায়ী পরবর্তী ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকা ১২/০৩/২০২৬ খ্রি. এর মধ্যে ভর্তি পরীক্ষার ওয়েবসাইট (https://admissioncuet.ac.bd)-এ প্রকাশ করা হবে। আসন খালি থাকা সাপেক্ষে ওরিয়েন্টশনের দিন পর্যন্ত ভর্তি প্রক্রিয়া চলমান থাকবে। ভর্তি বাতিলজনিত কারনে কোন আসন শূন্য হলে প্রার্থীর মেধাস্থান ও পছন্দক্রম অনুসারে Auto Migration চলবে।
- প্রার্থীর মেধাস্থান ও পছন্দক্রম অনুসারে সর্বশেষ Auto Migration সম্পন্ন হওয়ার পর প্রাপ্ত বিভাগেই ক্লাস শুরু করতে হবে।
- ভর্তিকৃত কোন প্রার্থী ওরিয়েন্টেশনের ০৩ দিন পূর্ব পর্যন্ত নিয়মাবলী মেনে ভর্তি বাতিল করতে পারবে। ক্লাস শুরুর পর ভর্তি বাতিল করতে হলে বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী বাতিল করতে হবে।
- অনিবার্য কারনবশতঃ ভর্তির তারিখসমূহ পরিবর্তন করা হলে তা ভর্তি পরীক্ষার ওয়েবসাইট এর মাধ্যমে প্রকাশ করা হবে।
- ভর্তি সংক্রান্ত কোন তথা জানার জন্য অফিস চলাকালীন ০১৭৫৯১২৩১৪৮ এবং ০১৭৫৯১২৩১০৩ নম্বরে যোগাযোগ করা যাবে।

২৬.০২.২০২৬

**অধ্যাপক ড. কাজী দেলোয়ার হোসেন**
সভাপতি
স্নাতক ভর্তি কমিটি (শিক্ষাবর্ষঃ ২০২৫-২৬)
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:
১. সকল সদস্য, স্নাতক ভর্তি কমিটি (শিক্ষাবর্ষ: ২০২৫-২৬)।
২. পরিচালক, আইআইসিটি, চুয়েট। (বিজ্ঞপ্তিটি ভর্তি পরীক্ষা সংক্রান্ত ওয়েবসাইটে আপলোডের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)
৩. প্রটোকল ও লিয়াজোঁ অফিসার, ভিসি মহোদয়ের দপ্তর, চুয়েট। (ভিসি মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)
৪. সংরক্ষণ নথি।

26/02/2026

**অধ্যাপক ড. শেখ মোহাম্মদ হুমায়ুন কবির**
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) ও সচিব
স্নাতক ভর্তি কমিটি (শিক্ষাবর্ষঃ ২০২৫-২৬)
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়